

A Phone Call

দৃশ্য-১

বিকাল-রুমের ভিতর,

জানালায় দিয়ে বাহিরের পরিবেশ দেখা যাচ্ছে। কোন শব্দ নেই রুমের ভিতরে। টেবিলের উপরে বই খাতা ল্যাপটপ এলোমেলো পড়ে আছে। টেবিলের উপরে অনেকগুলো সিগারেটের ফিল্টার পরে আছে। টেবিলের উপর একটা ফোন রাখা আছে। সিলিং ফ্যান খুবই ধীরে চলছে। বেডের উপর শুয়ে নিরবে সিলিং ফ্যানের দিকে তাকাচ্ছে দেব। তাকে দেখে বুঝা যাচ্ছে তার মন খারাপ। হাত বাড়িয়ে টেবিলে রাখা সিগারেটের প্যাকেট নিল। প্যাকেট খুলে দেখে কোন সিগারেট নেই। তার রাগ হল অনেক। সিগারেটের প্যাকেট রাগে দূরে ছুঁড়ে মারল। তাড়াতাড়ি বেড থেকে উঠে রুম থেকে বাহিরে গেল।

দৃশ্য-২

বিকাল-হলের সিঁড়ি,

ধীরে ধীরে সিঁড়ি দিয়ে নামছে দেব। কারো দিকে তাকাচ্ছে না। শুধু নিচের দিকের তাকিয়ে আছে। হল থেকে বাহিরে গোল চত্তরের দিকে গেল।

দৃশ্য- ৩

বিকাল-গোল চত্তুর

গোল চত্তুরে এসে রূপালি স্টোর থেকে সিগারেট কিনল। একটা সিগারেট ধরালো। এদিক সেদিক নিবৃত্তে তাকিয়ে সিগারেটে টান দিতে থাকল।

দৃশ্য-৪

বিকাল-১নং ক্যান্টিন,

চায়ের কাপ হাতে নিয়ে ১নং ক্যান্টিনের পিছনে গিয়ে বসল। ক্যান্টিনে দেব ছাড়া আড় কেউ নেই। পিছনে বসে অনমনে সিগারেট আর চা খাচ্ছে। পাশে মোবাইল রাখা। তখন একটা ফোন কল আসল। দেব ফোনের দিকে তাকালো। দেখে মা কল দিয়েছেন। ফোনে নামটা দেখার সাথে সাথে দেবের চেহারার সব চিন্তার ছাপ মুছে গেল। নিজের অজান্তে একটা হাসি দিয়ে কল ধরল,

দেব

(কোমল স্বরে)

হ্যালো মা...

The end